

[আমি এ প্রথম বাংলায় লিখছি কম্পিউটারে। আমার বেশি একটা আইডিয়া নাই বাংলা লেটার
সম্পরকে। সকলের কাছে আমার একটি আবেদন, অনুগ্রহ করে আমাকে মাফ করবেন আমার এই
ভাংগা বাংলার জন্য।]

দোয়া দরঢে ভরপুর বাংলাদেশ

ইমরান হোসেন

imranhossianbd@hotmail.com

23 January 2004

আমার প্রায়ই বাংলাদেশে যাওয়া হয়। আমার ১০ বছর প্রবাসী জীবনে ৯ বার ট্রিপ দিয়েছি।
যখনি আমি বাংলাদেশে থেকেছি, তখন ই আমি খালি একটা কথা বারবার শুনি সবার মুখ থেকে
'দোয়া কর আমার(আমাদের) জন্য'। আমার মনে হয় 'দোয়া' কথাটা বাংলাদেশে সবচেয়ে বেশি
ব্যবহৃত হয়। পুরো বাংলাদেশ যেন দোয়া আর আশীর্বাদে টুইটুম্বর। এবার একটু দেখুন কি কি
কাজে দোয়া শব্দটি প্রয়োগ করা হয়ঃ

- ১) ঘর থেকে বের হবার সময়, ফিরার সময় এবং খাবার সময় দোয়া।
- ২) মেট্রিক এবং ইন্টারমেডিয়েট পরীক্ষার আগে মসজিদ এবং পির শাহেব দের এর দরবার
খানায় যেন ভীর জমে যায় দোয়া নেবার যন্ত্র।
- ৩) কাফির দের দেশে যাবার জন্য ভিসা নেবার সময় সবার কাছ থেকে দোয়া, নামাজ ত আছেই
সেই সাতে।
- ৪) ভাল একটা চাকুরিতে আবেদন করার সময় এবং ইন্টারভিউ দেবার সময়।
- ৫) উএস ডিভি, ইমিগ্রেশন ওফ কানাডা এবং অস্ট্রেলিয়াতে এক্সিলায়ই করার সময় দোয়া
- ৬) কাফের দের দেশে উচ্চ শিক্ষা নেবার সময় দোয়া
- ৭) ইংরেজ-আমেরিকান রা যাতে যুদ্ধে হারে সন্ত্রাসী ভাইদের কাছে সে জন্য গন-দোয়া
- ৮) ভাল জামাই পাবার জন্য কল্যাণ বাপ মার দোয়া
- ৯) স্বাস্থ্য ভাল রাখার জন্য সবসমই আল্লার কাছে দোয়া আবেদন
- ১০) হরতাল করার সময় দোয়া
- ১১) সাতাশে রমজানে অতিরিক্ত নামাজ আদায় করে সারা বছরের জন্য দোয়া
- ১২) প্রতিবার নামাজ খতম দেবার সময় দোয়া
- ১৩) ঢাকা ইউনিভার্সিটি, বুয়েট, মেডিকেল কলেজ ইত্তাদিতে ভর্তি পরীক্ষার দেবার সময়
দোয়া
- ১৪) যেকোন পরীক্ষার ফল প্রকাশের আগে দোয়া প্রার্থনা

আর যে কত জায়গায় দোয়ার জন্য প্রার্থনা করা হয়, এটা বলার অপেক্ষা রাখেনা।

আমার প্রশ্ন হচ্ছেঃ এত যায়গাতে খালি দোয়া আর দোয়া, তাহলে এই দেশটাতে কেন এমন
ভঙ্গর অর্থনীতি? কেন এত দুর্নীতি? কেন এত খুন খারাবি এই দেশটাতে? কেন কাফির দের
দেশে যেতে এক মাইল লম্বা লাইন দিতে হয়? পরীক্ষার সময় যদি এতই দোয়া নিতে হয়,
তাহলে বাংগালীরা কেন গ্রেট সায়েন্সিস্ট বা যুক্তিবিদ হয় না? তাহলে কিসের জন্ম এই দোয়া?
কিসের জন্ম খালি নামাজ আর নামাজ দোয়া_কালামের_সাতে?

এসব দোয়া দরঢে বাংগালীদের জন্য আসলে একটা গজব। এই দোয়া দরঢের লোভে আসল
কাজে মনযোগ দেয়া হয়ইন। এই জন্যই কোন কাজে বেশিরভাগ বাংগালীরা প্রয়েস করতে
পারেন। তাতে কি আসে যায়, উপরে তো আল্লাহ আছেন, উনিই দেখবেন। উনার জন্য অপেক্ষা

করতে করতে আজ বাংলাদশে ফিলেন্স (অরথনিতি) বলতে কিছু নাই। বাজেট করার সময় ভিক্ষার থালা নিয়ে কাফিরদের দেশেই তো দোয়া কালাম পরে যেতে হয়।